

১০

**টেকনিকেল এডুকেশন
ক্যাডারের নিয়োগ**

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন বিভিন্ন ক্যাডারে নিয়োগের জন্য চলতি জুন মাসে মেডিক্যাল ফিটনেস সাপেক্ষে জাতীয় দৈনিকে পরীক্ষার ফলাফল প্রকাশ করিয়াছেন। কিন্তু দুঃখের বিষয় টেকনিকেল এডুকেশন ক্যাডারের (ইঞ্জিনিয়ারিং কলেজের লেকচারার) ৩২টি পদের ফলাফল অপ্রকাশিত রাখিয়াছেন। পি, এস, সি'র সচিব মহোদয়ের সহিত যোগাযোগ করা হইলে তিনি জানান যে, ইঞ্জিনিয়ারিং কলেজগুলি বর্তমানে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে (বি, আই, টি) পরিণত হওয়ার পি, এস, সি'র নিয়োগ বি, আই, টি গ্রহণ করিবেন না। তাই ইঞ্জিনিয়ারিং কলেজে নিয়োগের জন্য টেকনিকেল এডুকেশন ক্যাডারের ফলাফল পি, এস, সি প্রকাশ করে নাই। এখন প্রস্ন, পি, এস, সি তাঁহাদের নিয়োগ বহাল রাখিতে বাধ্য হইলে পরীক্ষারই কি প্রয়োজন ছিল? সর্বশেষে নিবেদন, যেহেতু পরীক্ষা সম্পন্ন হইয়াছে, তাই ফলাফল জানাইয়া প্রয়োজনে প্রার্থীদের অগ্র ক্যাডারে নিয়োগের বিকল্প ব্যবস্থা গ্রহণ করা হউক।

—মোঃ বজলুল হক, সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল নাটোর।